

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[করনীতি উইং]
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০২৩.২৩/১০৫

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০১ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

মতামত

বিষয়: সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ও বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা-কর্মচারীদের বেতন খাতে করযোগ্য আয় নিরূপণ।

সূত্র: ০১। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৮.০০.০০০০.০৩৭.৪৩.০০১.১৭-১১১, তারিখ: ০৭ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ।

০২। বেসিক ব্যাংক লিমিটেড এর স্মারক নং-৫৩.০৯.০০০০.৮১৮.১৮.০০০.২৪, তারিখ: ৩১ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।


০২। সূত্রোক্ত পত্রদ্বয়ের মাধ্যমে সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ও বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা-কর্মচারীদের বেতনখাতে করযোগ্য আয় নির্ধারণের বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের করনীতি উইং থেকে নিম্নরূপ মতামত প্রদান করা হলো:

সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ও বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা-কর্মচারীগণ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক ১৫/১২/২০১৫ তারিখে জারিকৃত এস.আর.ও নং-৩৭০-আইন/২০১৫ এর মাধ্যমে প্রণীত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী বেতন-ভাতাদি গ্রহণ করতে পারেন মর্মে অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৮.০০.০০০.১৬৫.৫৩.০০১.১৯-৩১, তারিখ: ২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে স্পষ্ট করা হয়।

অর্থ মন্ত্রণালয়ের উক্ত স্মারকের আলোকে উল্লেখিত ব্যাংকসমূহের বোর্ড সভায় বেতন কাঠামো হিসাবে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক ১৫/১২/২০১৫ তারিখে জারিকৃত এস.আর.ও নং-৩৭০-আইন/২০১৫ এর মাধ্যমে প্রণীত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ফলে, এ সকল ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের “চাকুরি হইতে আয়” এর বিপরীতে কর নির্ধারণ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ অনুযায়ী হবে। অর্থাৎ, এ সকল ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ এর অধীন কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হবেন।

এখানে উল্লেখ্য, বর্ণিত ব্যাংকসমূহের কর্মকর্তা-কর্মচারীগণ ২০২৪-২০২৫ করবর্ষ হতে এ সুবিধাদি প্রাপ্য হবেন।


(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। এমডি এন্ড সিইও, সোনালী ব্যাংক পিএলসি, ঢাকা।
- ০২। এমডি এন্ড সিইও, জনতা ব্যাংক পিএলসি, ঢাকা।
- ০৩। এমডি এন্ড সিইও, অগ্রণী ব্যাংক পিএলসি, ঢাকা।
- ০৪। এমডি এন্ড সিইও, রূপালী ব্যাংক পিএলসি, ঢাকা।

পরবর্তী পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

০৫। এমডি এন্ড সিইও, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি, ঢাকা।

০৬। এমডি এন্ড সিইও, বেসিক ব্যাংক লিমিটেড, ঢাকা।

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০২৩.২৩/১০৫(১১)

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০১ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। পিএস টু সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। পিএস টু সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। উপসচিব, বাস্তবায়নমূলক বাণিজ্যিক ব্যাংক শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে মতামত সম্বলিত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ সহ)
- ০৬। সিনিয়র সহকারী সচিব, কর-১ শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

(বাগন/চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।